# উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ

রেজিষ্টার্ড অফিস ঃ কালুরঘাট শিল্প এলাকা,

পোঃ-চান্দগাঁও, চট্টগ্রাম-৪২১২।

## ৩০তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিমিটেড এর সকল সম্মানিত শেয়ারহোল্ডারগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নেবর্ণিত বিষয় সমূহ সম্পাদনের জন্য উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ এর ৩০তম বার্ষিক সাধারণ সভা আগামী ২৩-১২-২০১৬ইং, রোজ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় কোম্পানীর রেজিষ্টার্ড অফিস, কালুরঘাট শিল্প এলাকা, চট্টগ্রামে অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচী ঃ-

১। ২৬ ডিসেম্বর' ২০১৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২৯ তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরন।

২। ৩০শে জুন, ২০১৬খ্রিঃ তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত হিসাব ও প্রতিবেদন এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদন বিবেচনা, গ্রহণ ও অনুমোদন।

৩। ২০১৫-২০১৬ অর্থ বছরের লভ্যাংশ ঘোষণা ও অনুমোদন।

৪। পরিচালকবৃন্দের মনোনয়ন/নির্বাচন।

৫। ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য কোম্পানীর নিরীক্ষক নিয়োগ এবং তাঁদের পারিশ্রমিক নির্ধারণ।

৬। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কোম্পানীর অন্য যে কোন বিষয়াদি আলোচনা।

পরিচালকমন্ডলীর অনুমতিক্রমে

তারিখ ঃ ১৬-১১-২০১৬ইং

(মোঃ এসকান্দর মির্জা)
কোম্পানী সচিব

নোট ঃ

১) কোম্পানীর শেয়ার ট্রান্সফার রেজিষ্টার ২৭-১১-২০১৬খ্রিঃ অর্থাৎ রেকর্ড তারিখে বন্ধ থাকবে।

২) অনুমোদিত লভ্যাংশ ২৬-১১-২০১৬খ্রিঃ তারিখে শেয়ার রেজিষ্ট্রারে নিবন্ধনকৃত শেয়ারহোল্ডারগণ প্রাপ্য হবেন।

৩) সভায় অংশ গ্রহণ ও ভোট প্রদানে উপযুক্ত সদস্য তাঁর পক্ষে বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন। রেভিনিউ ষ্ট্যাম্পযুক্ত প্রক্সি ফরম কোম্পানীর রেজিষ্টার্ড অফিসে অবশ্যই সভার নির্ধারিত সময়ের ৪৮(আটচল্লিশ) ঘন্টা পূর্বে জমা দিতে হবে।

৪) সভায় গ্রুপ “বি” শেয়ারহোল্ডারগণের মধ্য হতে ১(এক) জন পরিচালক নির্বাচিত হবেন। উক্ত পদে প্রতিদ্বন্দ্বীতা করতে ইচ্ছুক গ্রুপ “বি” শেয়ারহোল্ডারগণকে কোম্পানী সচিবের নিকট হতে মনোনয়ন ফরম সংগ্রহ পূর্বক ১৭-১২-২০১৬খ্রিঃ তারিখ সকাল ১০-০০ ঘটিকার মধ্যে তাঁর নিকট মনোনয়নপত্র দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। অন্যথায় মনোনয়নপত্র গ্রহণ করা হবে না।

৫) হাজিরা স্লিপ প্রদর্শনের মাধ্যমে সভা কক্ষে প্রবেশ করতে হবে।